গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ কার্যালয়
ফরিদপুর, পাবনা।

শেখ হাসিনার দর্শন
বাংলাদেশের উন্নয়ন

**উপজেলা পরিষদ কার্যালয়, ফরিদপুর, পাবনা'র আগস্ট'২০২২ মাসের সাধারণ সভার কার্যবিবরণী ঃ**

| | | | |
|---|---|---|---|
| ১.১ | উপদেষ্টা | ঃ | জনাব আলহাজ্ব মোঃ মকবুল হোসেন<br>মাননীয় সংসদ সদস্য, ৭০ পাবনা-৩ |
| ১.২ | সভাপতি | ঃ | জনাব মোঃ গোলাম হোসেন<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফরিদপুর, পাবনা |
| ১.৩ | স্থান | ঃ | উপজেলা পরিষদ, ফরিদপুর, পাবনা'র সভাকক্ষ |
| ১.৪ | তারিখ | ঃ | ২৫.৮.২০২২ খ্রিঃ |
| ১.৫ | সময় | ঃ | দুপুর ১২-০০ ঘটিকা |
| ১.৬ | সভার উপস্থিতি | ঃ | উপস্থিত বিভাগীয় প্রধান "পরিশিষ্ট-ক" |

**উপস্থিত জনপ্রতিনিধি ঃ**

০১ জনাব মোঃ গোলাম হোসেন, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফরিদপুর, পাবনা
০২ জনাব মোঃ নুরুল ইসলাম, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফরিদপুর, পাবনা
০৩ জনাব মোছাঃ নাসরিন পারভীন, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফরিদপুর, পাবনা
০৪ জনাব মোঃ জাহিদুল ইসলাম, চেয়ারম্যান, বৃলাহিড়ীবাড়ী ইউনিয়ন পরিষদ, ফরিদপুর, পাবনা
০৫ জনাব মোঃ সাজেদুল ইসলাম তালুকদার, চেয়ারম্যান, পুংগলী ইউনিয়ন পরিষদ, ফরিদপুর, পাবনা
০৬ জনাব মোঃ সরোয়ার হোসেন, চেয়ারম্যান, ফরিদপুর ইউনিয়ন পরিষদ, ফরিদপুর, পাবনা।
০৭ জনাব মোঃ জিয়াউর রহমান, চেয়ারম্যান, বনওয়ারীনগর ইউনিয়ন পরিষদ, ফরিদপুর, পাবনা
০৮ জনাব মোঃ জুয়েল রানা, চেয়ারম্যান, ডেমরা ইউনিয়ন পরিষদ, ফরিদপুর, পাবনা।

**অনুপস্থিত জনপ্রতিনিধি ঃ**

০১ জনাব খন্দকার মোঃ কামরুজ্জামান (মাজেদ), মেয়র, ফরিদপুর পৌরসভা, পাবনা
০২ জনাব মোঃ সেলিম রেজা, চেয়ারম্যান, হাদল ইউনিয়ন পরিষদ, ফরিদপুর, পাবনা

০২ সভার শুরুতে উপদেষ্টা মহোদয়ের নির্দেশনা মোতাবেক পবিত্র কোরআন থেকে তেলোয়াত এবং গীতা পাঠ করা হয়। অতঃপর বীর মুক্তিযোদ্ধা জনাব মোঃ গোলাম হোসেন, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফরিদপুর, পাবনা ও সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানান এবং স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক দূরত্ব বজায় রেখে আসন গ্রহণ করতে অনুরোধ করেন। অতঃপর গত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয়। কার্যবিবরণীতে কোন সংশোধন/পরিবর্তন/পরিবর্ধন না থাকায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।

৩.১ **স্বাস্থ্য বিভাগ ঃ** উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এর কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। তিনি আরও জানান বন্যার সময় কলেরা ও ডায়রিয়া রোগের প্রার্দুভাব দেখা যাচ্ছে। প্রায়শই ডায়রিয়া রোগী স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি হচ্ছে। তিনি এ সময় সকলকে সতর্ক থাকার পরামর্শ দেন এবং কারও ডায়রিয়া/কলেরার উপসর্গ দেখা দিলে দ্রুত স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে আসার জন্য অনুরোধ জানান। তিনি আরও জানান স্বাস্থ্য কমপ্লেক্স এর এক্স-রে মেশিন বিকল থাকায় জনগণের সমস্যা হচ্ছে। তিনি জানান বিশেষজ্ঞ টিমকে অবহিত করা হয়েছে। তারা আগমন করলে মেশিন সচল হবে মর্মে তিনি সভাকে অবহিত করেন। জনগণের কষ্ট হওয়ায় তিনি আন্তরিকভাবে দুঃখ প্রকাশ করেন। তিনি আরও বলেন বর্তমানে কোভিড-১৯ এর প্রথম, দ্বিতীয় ও বুস্টার ডোজ টিকা প্রদান করা হচ্ছে। টিকা গ্রহণের পূর্বে অবশ্যই রেজিস্ট্রেশন করতে হবে। তিনি আরও জানান অন্যান্য উপজেলার মত ফরিদপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে মহিলাদের জরায়ুর মুখের ক্যান্সার পরীক্ষা করার মেশিন স্থাপন করা হয়েছে। মহিলাদের উপসর্গ দেখা দিলে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে এসে বিনা মূল্যে পরীক্ষা করাতে পারবেন। তিনি স্ব-স্ব এলাকার জনগণকে অবহিত করার জন্য চেয়ারম্যানদের দৃষ্টি আকর্ষণ করেন।

৩.২ **উপজেলা কৃষি বিভাগঃ** উপজেলা কৃষি কর্মকর্তা, ফরিদপুর, পাবনা সভায় জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। তিনি আরও জানান ডেমুয়ার স্লুইচ গেট পরিদর্শনে গিয়ে দেখতে পান স্লুইচগেট বন্ধ থাকার পরেও পানি বের হয়ে যাচ্ছে। ডেমরা স্লুইচ গেটের ক্ষেত্রেও একই অবস্থা হয়েছে। স্লুইচ গেটসমূহ ডিজিটাল করার নিমিত্ত কার্যবিবরণীতে অন্তর্ভূক্ত করার জন্য অনুরোধ জানান। এ বিষয়ে পানি উন্নয়ন বোর্ডের প্রতিনিধি জানান স্লুইচগেট গুলি ১৯৮৬ সালে নির্মিত। দীর্ঘ দিনের পুরাতন হওয়ায় এ সমস্যা হচ্ছে। ডেমরার কানিয়ালীতে স্থাপিত স্লুইচ গেট ডিজিটাল করার বিষয়ে তিনি জানান এক কোটি টাকা বরাদ্দ দেয়ার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষ বরাবর পত্র প্রেরণ করা হলে মাত্র চল্লিশ লক্ষ টাকা বরাদ্দ দেয়া হয়েছে, যা দ্বারা ডিজিটাল স্লুইচ গেট নির্মাণ করা সম্ভব নয়।

৩.৩ **প্রাণি সম্পদ বিভাগঃ** উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, ফরিদপুর, পাবনা সভায় জানান তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। তিনি তার দপ্তরের অন্যান্য কার্যক্রম নিম্নোক্ত ছকের মাধ্যমে তুলে ধরেন যা নিম্নে উল্লেখ করা হলো।

চলমান পাতা-২

CamScanner

| গবাদি পশু ও হাঁস-মুরগীর চিকিৎসা প্রদান | | গবাদি পশু ও হাঁস মুরগীর টিকা প্রদান | | কৃত্রিম প্রজনন | প্রশিক্ষণ | | রাজস্ব আয় | |
|---|---|---|---|---|---|---|---|---|
| গবাদি পশু | হাঁস-মুরগী | গবাদি পশু | হাঁস-মুরগী | | সরকারি | বে-সরকারি | টীকা বীজ | কৃত্রিম প্রজনন |
| ১৬০৩ | ৯৯৬০ | ৪০০০ | ৩৮৪০০ | ৫৪০ | ০ | ০ | ১৬২০০.০০ | ১১২৪০.০০ |

- সম্মানিত সভাসদগণকে গবাদিপশুকে নিয়মিত কৃমিমুক্তকরণ এবং টীকা প্রদানের জন্য প্রচারণা এবং খামারীদের সচেতনতা বৃদ্ধিকরণে কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ করেন।
- নীচু জলাশয়ের আগাছা, সদ্য ইউরিয়া দেয়া ফসলকে (গাঢ় সবুজ) নেপিয়ার ঘাস গবাদিপশুকে না খাওয়ানোর জন্য উপস্থিত জনপ্রতিনিধিগণের মাধ্যমে খামারিদের অনুরোধ জানান।
- অত্র উপজেলা হতে ছাগল-ভেড়ার পিপিআর রোগ নির্মূল এবং গরু/মহিষ/ছাগল/ভেড়ার খুরারোগ নিয়ন্ত্রণের জন্য সম্পূর্ণ বিনামূল্যে সকল গবাদি পশুকে টীকা প্রদান কার্যক্রম চলমান রয়েছে।
- সভার সম্মানীত উপস্থিতির মাধ্যমে সকল গবাদিপশু ও পোল্ট্রি খামারীগণকে খামার এবং খামারের চারপাশ সর্বদা পরিষ্কার পরিচ্ছন্ন এবং জীবাণুমুক্ত রাখার জন্য অনুরোধ করেন।
- অত্র উপজেলার প্রাণি সম্পদ সম্পর্কিত যে কোন সমস্যা দেখা দিলে উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার নং- ০১৭১১-০৩৪০৫২ মোবাইলে যোগাযোগ অথবা অন্য যে কোন মাধ্যমে অবগত করার জন্য অনুরোধ করেন।

৩.৪ মৎস্য বিভাগঃ সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। তিনি আরও জানান চলতি বছরে এ উপজেলাধীন দশটি পুকুর/জলাশয়ে পোনা মাছ অবমুক্ত করেন। তিনি দশটি জলাশয়ের নাম উল্লেখ করলে উপস্থিত জনপ্রতিনিধিগণ রামনগর বিলের পরিবর্তে রাকশাবাড়ী জলাশয়ে মাছের পোনা অবমুক্ত করার পক্ষে মতামত ব্যক্ত করেন। সে মোতাবেক রাকশাবাড়ী জলাশয়ে পোনা মাছ অবমুক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়। বিএলবাড়ী ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান জানান তার এলাকায় ব্যারজাল/বাদাইজাল দিয়ে ছোট মাছ আহরণ করছে, এটা বন্ধ করা প্রয়োজন। এ বিষয়ে উপজেলা সিনিয়র মৎস্য অফিসার জানান বাংলা ফাল্গুন মাস হতে শ্রাবণ মাস পর্যন্ত ব্যারজাল/বাদাইজাল দিয়ে মাছ ধরা অবৈধ। ভাদ্র মাস হতে ব্যারজাল/বাদাইজাল দিয়ে মাছ ধরা বৈধ। এখন যেহেতু ভাদ্র মাস সুতরাং বর্ণিত জালসমূহ আইনগত ভাবে বন্ধ করার কোন সুযোগ নেই।

৩.৫ পরিবার পরিকল্পনা বিভাগ ঃ উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।

| মোট দম্পতি | পদ্ধতি গ্রহণকারী | সিএআর | স্থায়ী পদ্ধতি (জন) | | | আইইউডি (জন) | | | ইমপ্লান্ট (জন) | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | লক্ষ্যমাত্রা | অর্জন | হার | লক্ষ্যমাত্রা | অর্জন | হার | লক্ষ্যমাত্রা | অর্জন | হার |
| ২৮১২৫ | ২১৯৬৭ | ৭৮.১০ | ০৮ | ০০ | ০০ | ১৮ | ১৫ | ৮৩.৩৩ | ৩১ | ৩৫ | ১১২.৯০ |

| ইনজেকশন (সিওয়াইপি) | | | খাবার বড়ি (সিওয়াইপি) | | | কনডম (সিওয়াইপি) | | | সর্বমোট | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| লক্ষ্যমাত্রা | অর্জন | হার | লক্ষ্যমাত্রা | অর্জন | হার | লক্ষ্যমাত্রা | অর্জন | হার | লক্ষ্যমাত্রা | অর্জন | হার |
| ৪৩৭ | ৪০৯ | ৯২.২৭ | ৮৯৭ | ৮৩২ | ৯৩.২৪ | ১৬১ | ১৪১ | ৮৬.৪৫ | ১৫৫২ | ১৪৩২ | ৯২.২৬ |

৩.৬ উপজেলা প্রকৌশল বিভাগঃ উপজেলা প্রকৌশলী, ফরিদপুর, পাবনার প্রতিনিধি সভায় জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। তিনি আরও জানান যে, প্রধান প্রকৌশলী, এলজিইডি, ঢাকা মহোদয় কার্যালয়ের ১৭.৭.২০২২ খ্রিঃ তারিখের ৪৬.০২.০০০০.২০২.৯৯.০০১.২০-১৫৫১ নং স্মারকে এলজিইডি'র রোড ইনভেনটরীতে নতুন সড়ক অন্তর্ভুক্ত করণের নির্দেশনা অনুযায়ী ছয়টি ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানকে পত্র জারী করা হয়। তৎপ্রেক্ষিতে ছয়টি ইউনিয়ন পরিষদ থেকে Village Road Type-A মোট ২ (দুই) টি রাস্তা পাওয়া যায়, যার মোট দৈর্ঘ্য ৩.৬০ কিঃ মিঃ এবং Village Road Type-B মোট ৩৬ টি রাস্তা পাওয়া যায়, যাহার মোট দৈর্ঘ্য ৪৩.৫৭০ কিঃ মিঃ। উপরোক্ত রাস্তাসমূহ অত্র সভায় অনুমোদনের জন্য অনুরোধ করেন। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।

সিদ্ধান্ত ঃ আলোচনান্তে বর্ণিত রাস্তাসমূহ অত্র সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হলো এবং এ বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত উপজেলা প্রকৌশলী, ফরিদপুর, পাবনাকে অনুরোধ করা হলো। বাচ্চাদের জন্য নিবন্ধন সহজীকরণ ও সকল বাচ্চা যাতে টিকা গ্রহণ করে সে বিষয়ে প্রয়োজনীয় প্রচারনার জন্য তিনি ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে অনুরোধ করেন।

৩.৭ শিক্ষা বিভাগ ঃ উপজেলা শিক্ষা অফিসার,ফরিদপুর, পাবনা সভায় জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। তিনি আরও বলেন সেপ্টেম্বর'২০২২ হতে প্রাথমিক বিদ্যালয়ের ৫ থেকে ১১ বছর পর্যন্ত শিশুদের কোভিড-১৯ এর টিকা প্রদান করা হবে। জন্ম সনদ ব্যবহার করে অনলাইনে রেজিস্ট্রেশন/টিকা কার্ড বের করতে হবে। শিশুদের জন্য নিবন্ধন কার্যক্রম সহজ ও টিকা গ্রহণে শিশুদের উৎসাহিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণদের অনুরোধ জানান।

৩.৮ মাধ্যমিক শিক্ষা বিভাগঃ উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ফরিদপুর, পাবনা'র প্রতিনিধি সভায় জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।

৩.৯ সমাজ সেবা বিভাগঃ উপজেলা সমাজ সেবা কর্মকর্তা, ফরিদপুর, পাবনা সভায় জানান তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। তিনি আরও জানান গত ১০.৮.২০২২ খ্রি তারিখ শুরু হওয়া প্রতিবন্ধি ভাতা প্রাপ্তির আবেদন গ্রহণ আগামী ১০.৯.২০২২ খ্রি তারিখ পর্যন্ত চলবে। কোন ব্যক্তি আবেদন করতে চাইলে নির্ধারিত সময়ের মধ্যে আবেদন করতে পারেন। কোন ভাতাভোগী মৃত্যুবরণ করলে অবিলম্বে উপজেলা সমাজ সেবা কার্যালয়ে লিখিত ভাবে অবহিত করার জন্য তিনি ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে অনুরোধ জানান।

৩.১০ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) ঃ উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, ফরিদপুর, পাবনা সভায় জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।

৩.১১ সহকারি জেনারেল ম্যানেজার (পল্লী বিদ্যুৎ) ঃ ফরিদপুর সাব-জোনাল অফিসের প্রতিনিধি সভায় জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।

৩.১২ খাদ্য নিয়ন্ত্রক বিভাগ ঃ উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, ফরিদপুর, পাবনা সভায় জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।

৩.১৩ প্রকল্প বাস্তবায়ন অফিস ঃ উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ফরিদপুর, পাবনা সভায় জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।

৩.১৪ সমবায় অধিদপ্তর ঃ উপজেলা সমবায় কর্মকর্তা, ফরিদপুর, পাবনা সভায় জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।

৩.১৫ মহিলা বিষয়ক অধিদপ্তর ঃ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ফরিদপুর, পাবনা সভায় জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। তিনি তার দপ্তরের অন্যান্য কার্যক্রম নিম্নোক্ত ভাবে তুলে ধরেন ঃ

(১) ভিডব্লিউবিঃ ২০২১-২০২২ ভিডব্লিউবি চক্রে জুলাই'২২ ও আগস্ট'২২ মাসের উপকারভোগীদের খাদ্যশস্য আগস্ট'২০২২ মাসে বিতরণ কার্যক্রম চলমান রয়েছে। নির্দেশনা মোতাবেক ভিডব্লিউবি খাদ্য শস্য প্রতি মাসের ১৫ হতে ২২ তারিখের মধ্যে বিতরণের কার্যক্রম শেষ করার জন্য চেয়ারম্যানগণকে অনুরোধ করেন। সঞ্চয় আদায় ও ভিডব্লিউবি উপকারভোগীদের স্বাস্থ্য বিধি মেনে প্রশিক্ষণ কার্যক্রম চলছে।

(২) দরিদ্র মা'র জন্য মাতৃত্বকাল ভাতা ঃ উপকারভোগীদের ভাতা বিতরণ কার্যক্রম চলমান রয়েছে।

(৩) কর্মজিবি ল্যাকটেটিং মাদার সহায়তা তহবিলঃ উপকারভোগীদের ভাতা বিতরণ কার্যক্রম চলমান রয়েছে।

(৪) উপজেলা পর্যায়ে মহিলাদের আয়বর্ধন (আইজিএ) প্রশিক্ষণ প্রকল্প ঃ ২০২২-২০২৩ অর্থ বছরে (জুলাই'২০২২ হতে সেপ্টেম্বর'২০২২ মেয়াদে) ফ্যাশন ডিজাইন এবং শতরঞ্জি ও হস্তশিল্প ট্রেডে ৫০ জন প্রশিক্ষণার্থীর প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে।

(৫) কিশোর-কিশোরী ক্লাব স্থাপন শীর্ষক প্রকল্প ঃ একটি পৌরসভা ও ৬টি ইউপিতে কিশোর কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের কার্যক্রম নির্দেশনা মোতাবেক স্বাস্থ্যবিধি মেনে চলমান রয়েছে।

৩.১৬ আনসার ও ভিডিপি ঃ উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় তার দপ্তরের কার্যক্রম সম্পর্কে আলোচনা করা সম্ভব হলো না।

৩.১৭ যুব উন্নয়ন বিভাগঃ উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ফরিদপুর, পাবনা সভায় জানান তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।

৩.১৮ রিসোর্স সেন্টার ঃ ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, ফরিদপুর, পাবনা সভায় জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।

৩.১৯ জনস্বাস্থ্য বিভাগ ঃ উপসহকারি প্রকৌশলী (জনস্বাস্থ্য), ফরিদপুর, পাবনা সভায় জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।

৩.২০ পল্লী জীবিকায়ন প্রকল্প (পজীপ) ঃ উপজেলা প্রকল্প কর্মকর্তা, পল্লী জীবিকায়ন প্রকল্প, ফরিদপুর, পাবনা সভায় জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।

| ক্রম নং | দল গঠন | | ঋণ তহবিল প্রাপ্তি | | ঋণ বিতরণ | | আদায়যোগ্য | | আদায় | | প্রশিক্ষণ (বছরে) | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | লক্ষ্যমাত্রা | অগ্রগতি | মাসে | বছরে | মাসে | বছরে | মাসে | বছরে | মাসে | বছরে | লক্ষ্যমাত্রা | অগ্রগতি | |
| ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ |

৩.২১ বিএডিসি (ক্ষুদ্র সেচ) ঃ উপসহকারি প্রকৌশলী (ক্ষুদ্র সেচ/পানাসি) সভায় জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।

৩.২২ পরিসংখ্যান বিভাগ ঃ উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা,ফরিদপুর, পাবনা সভায় জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।

৩.২৩ আইসিটি বিভাগঃ আইসিটি বিভাগের সহকারি প্রোগ্রামার সভায় জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।

চলমান পাতা-৪

CamScanner

৩.২৪ আমার বাড়ী আমার খামার ও পল্লী সঞ্চয় ব্যাংক : আমার বাড়ী আমার খামার ও পল্লী সঞ্চয় ব্যাংক এর উপজেলা সমন্বয়কারী সভায় জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।

৩.২৫ উপজেলা তথ্য সেবা কর্মকর্তা: উপজেলা তথ্যসেবা কর্মকর্তা, ফরিদপুর, পাবনা সভায় জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।

৩.২৬ উপানুষ্ঠানিক শিক্ষা : উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো,ফরিদপুর, পাবনা'র কার্যালয়ের প্রোগ্রাম অফিসার সভায় উপস্থিত না থাকায় তার দপ্তরের কার্যক্রম সম্পর্কে আলোচনা করা সম্ভব হলো না।

৩.২৭ হিসাব রক্ষণ বিভাগ: উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, ফরিদপুর, পাবনা সভায় উপস্থিত না থাকায় তার দপ্তরের কার্যক্রম সম্পর্কে আলোচনা করা সম্ভব হলো না।

৩.২৮ উপসহকারি প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড,পাবনা : উপসহকারি প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, পাবনা সভায় জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।

৩.২৯ উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর (ইউডিএফ) : উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর (ইউডিএফ) সভায় জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। তিনি আরও জানান ইতোপূর্বে প্রশিক্ষণ ও অবকাঠামো নির্মাণের জন্য বরাদ্দ পাওয়া গেছে। সংশ্লিষ্টদের সাথে আলোচনা করে দ্রুত প্রশিক্ষণের সিডিউল নির্ধারণ করা হবে। তিনি আরও জানান উপজেলা পরিষদের ১৭ টি স্থায়ী কমিটির সভার নোটিশ ও কার্যবিবরণী ওয়েবসাইটে আপলোড করতে হবে। এছাড়াও ইউনিয়ন ডিজিটাল সেন্টারের কার্যবিবরণী প্রয়োজন হবে। তিনি এ বিষয়ে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন।

৩.৩০ উপজেলা নির্বাচন অফিসার : উপজেলা নির্বাচন অফিসার,ফরিদপুর, পাবনা সভায় উপস্থিত না থাকায় তার দপ্তরের কার্যক্রম সম্পর্কে আলোচনা করা সম্ভব হলো না।

৩.৩১ বন বিভাগ : ফরেষ্টার, বন বিভাগ, ফরিদপুর, পাবনা সভায় জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।

৪। **ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান :**

(১) চেয়ারম্যান, বিএলবাড়ী ইউনিয়ন পরিষদ, ফরিদপুর, পাবনা সভায় জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।

(২) চেয়ারম্যান, পুংগলী ইউনিয়ন পরিষদ, ফরিদপুর, পাবনা সভায় জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।

(৩) চেয়ারম্যান, ফরিদপুর ইউনিয়ন পরিষদ, ফরিদপুর, পাবনা সভায় জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।

(৪) চেয়ারম্যান, হাদল ইউনিয়ন পরিষদ, ফরিদপুর, পাবনা সভায় উপস্থিত না থাকায় তার ইউনিয়ন পরিষদের কার্যক্রম সম্পর্কে আলোচনা করা সম্ভব হলো না।

(৫) চেয়ারম্যান, বনওয়ারীনগর ইউনিয়ন পরিষদ, ফরিদপুর, পাবনা'র প্রতিনিধি সভায় জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।

(৬) চেয়ারম্যান, ডেমরা ইউনিয়ন পরিষদ, ফরিদপুর, পাবনা'র প্রতিনিধি সভায় জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।

৫। **মেয়র/ভাইস চেয়ারম্যানদ্বয় :**

(১) মেয়র, ফরিদপুর পৌরসভা, পাবনা মহোদয় সভায় উপস্থিত না থাকায় তার দপ্তরের কার্যক্রম সম্পর্কে আলোচনা করা সম্ভব হলো না।

(২) সভায় ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফরিদপুর, পাবনা জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। তিনি আরও জানান উপজেলা সাব-রেজিস্ট্রি অফিস ইতোপূর্বে পুরাতন বিএডিসি'র গোডাউনের স্থলে (টিএন্ডটি অফিসের পার্শ্বে) নির্মাণের বিষয়ে আলোচনা হয়। কিন্তু ওই সময়ে বিএডিসি'র দায়িত্বরত কর্মকর্তা তাঁর উর্দ্ধতন কর্তৃপক্ষের অনুমতি ছাড়া জায়গা হস্তান্তরের বিষয়ে আপত্তি জানান। ফলে সাব-রেজিস্ট্রি অফিস স্থানান্তরের কার্যক্রম বন্ধ হয়ে যায়। তিনি জানান বিএডিসি'র উর্দ্ধতন কর্মকর্তাগণের অনুমতি স্বাপেক্ষে সাব-রেজিস্ট্রি অফিস স্থানান্তর করা প্রয়োজন।

(৩) সভায় মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সভায় জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। তিনি আরও জানান উপজেলা পরিষদের ১৭ টি দপ্তরের সহযোগিতায় উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (জাইকা) ফরিদপুর উপজেলায় অর্থ বরাদ্দ প্রদান করেছেন। উন্নয়নের ধারা অব্যাহত রাখতে হলে স্থায়ী কমিটিসমূহের সভার নোটিশ/কার্যবিবরণী অবশ্যই জাইকার ওয়েবসাইটে আপলোড করতে হবে। তিনি এ বিষয়ে সংশ্লিষ্ট সকলকে সার্বিক সহযোগিতার জন্য অনুরোধ জানান।

চলমান পাতা-৫

CamScanner

৬। **উপজেলা নির্বাহী অফিসার ঃ**

উপজেলা নির্বাহী অফিসার বলেন প্রতিটি উপজেলায় একটি করে প্রাথমিক বিদ্যালয়ে মিড ডে মিল চালু করার জন্য জেলা প্রশাসক, পাবনা মহোদয় নির্দেশনা প্রদান করেছেন। তিনি উপজেলা শিক্ষা অফিসারকে দ্রুত একটি প্রাথমিক বিদ্যালয়ের নাম সরবরাহ করার জন্য অনুরোধ জানান। তিনি আরও জানান মুজিববর্ষ উপলক্ষ্যে গৃহহীনদের মধ্যে বিতরণের জন্য সরকারি/রাজস্ব তহবিলের অর্থায়নে যে সকল ঘর তৈরী করা হয়েছে ওই সকল ঘরে বসবাসকারীগণের জন্য সুপেয় পানির ব্যবস্থা করতে হবে। তিনি দ্রুততম সময়ের মধ্যে উক্ত ঘরসমূহের পার্শ্বে টিউবওয়েল স্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপ-সহকারি প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ফরিদপুর,পাবনাকে অনুরোধ জানান। উপজেলা নির্বাহী অফিসার আরও জানান প্রতিটি উপজেলায় আপাতত: একটি করে শিক্ষা প্রতিষ্ঠানে বিজ্ঞান ল্যাব প্রতিষ্ঠা করতে হবে। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে অনুরোধ জানান। তিনি আরও জানান জুলাই'২০২২ মাসের পর হতে অদ্য ২৫.৮.২০২২ খ্রিঃ তারিখ পর্যন্ত উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে নিম্নবর্ণিত ব্যয় গুলি করা হয়েছে। বর্ণিত ব্যয় গুলি অনুমোদনের জন্য সভায় অনুরোধ জানান।

(১) উপজেলা পরিষদের আগস্ট'২০২২ মাসের আপ্যায়ন ব্যয় বিল পরিশোধ ১৫,০০০/- (পনের হাজার) টাকা।

(২) উপজেলা পরিষদের আগস্ট'২০২২ মাসের আনুষাঙ্গিক ব্যয় বিল পরিশোধ ২৫০০/- (দুই হাজার পাঁচশত) টাকা।

(৩) উপজেলা পরিষদ চেয়ারম্যানের বাসভবন, উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন ও উপজেলা পরিষদ জামে মসজিদের পানির লাইন মেরামত বিল পরিশোধ ১৪,৬৩৫/- ( চৌদ্দ হাজার ছয়শত পঁয়ত্রিশ) টাকা মাত্র।

(৪) ডেমরা ইউনিয়নে রাজস্ব তহবিলের অর্থায়নে গৃহহীনদের জন্য একটি গৃহ নির্মাণ প্রকল্পের চূড়ান্ত বিল পরিশোধ ১,৪৫,৩৩৮/- (একলক্ষ পঁয়তাল্লিশ হাজার তিনশত আটত্রিশ) টাকা মাত্র।

(৫) উপজেলা পরিষদ চেয়ারম্যান বীর মুক্তিযোদ্ধা জনাব মোঃ গোলাম হোসেনকে জুলাই'২০২২ মাসের সম্মানী ভাতা প্রদান ৪০,০০০/- (চল্লিশ হাজার) টাকা মাত্র।

(৬) উপজেলা পরিষদ ভাইস চেয়ারম্যান জনাব মোঃ নুরুল ইসলামকে জুলাই'২০২২ মাসের সম্মানী ভাতা প্রদান ২৭,০০০/- (সাতাশ হাজার) টাকা মাত্র।

(৭) উপজেলা পরিষদ মহিলা ভাইস চেয়ারম্যান মোছাঃ নাসরিন পারভীনকে জুলাই'২০২২ মাসের সম্মানী ভাতা প্রদান ২৭,০০০/- (সাতাশ হাজার) টাকা মাত্র।

(৮) উপজেলা পরিষদ মালি জনাব মোঃ গোলজার হোসেনকে জুলাই'২০২২ মাসের মজুরী প্রদান ১৭,০৫০/- (সতের হাজার পঞ্চাশ) টাকা মাত্র।

(৯) উপজেলা পরিষদ পরিচ্ছন্নতাকর্মী জনাব মোঃ আশরাফুল ইসলামকে জুলাই'২০২২ মাসের মজুরী প্রদান ১৭,০৫০/- (সতের হাজার পঞ্চাশ) টাকা মাত্র।

(১০) উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের শারিরীক ও বাসভবনের নিরাপত্তায় নিয়োজিত আনসারদের আবাসভবন/ব্যারাকে ছয়টি সিলিং ফ্যান স্থাপন বাবদ বিল পরিশোধ ২৪,৬০০/- (চব্বিশ হাজার ছয়শত) টাকা মাত্র।

(১১) উপজেলা পরিষদের জঙ্গল/আগাছা পরিষ্কার করণ ব্যয় বিল পরিশোধ ১৪,০০০/- (চৌদ্দ হাজার) টাকা মাত্র।

(১২) উপজেলা পরিষদ টু-ইন কোয়ার্টার কোয়েল এর নীচতলার বাসায় কাঠের দরজা-জানালা মেরামত বাবদ বিল পরিশোধ ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা।

(১৩) উপজেলা পরিষদ টু-ইন কোয়ার্টার কোয়েল এর নীচতলার বাসায় স্টিলের দরজা-জানালা ও গ্রীল মেরামত বাবদ বিল পরিশোধ ২৪,৯৪০/- (পঁচিশ হাজার) টাকা।

(১৪) উপজেলা পরিষদ শাপলা স্টাফ কোয়ার্টারের নীচতলার দক্ষিণ পার্শ্বের বাসায় রং করণ বিল পরিশোধ ২৪,৯১৫/- (চব্বিশ হাজার নয়শত পনের) টাকা মাত্র।

(১৫) উপজেলা পরিষদ শাপলা স্টাফ কোয়ার্টারের নীচতলার দক্ষিণ পার্শ্বের বাসা মেরামত কাজে নিয়োজিত মিস্ত্রি/শ্রমিকের বিল পরিশোধ ২৪,০০০/- (চব্বিশ হাজার) টাকা মাত্র।

(১৬) ০৫ আগস্ট'২০২২ শেখ কামাল এর জন্ম দিবস ও ১৫ আগস্ট'২০২২ জাতীয় শোক দিবস উদ্‌যাপনের নিমিত্ত অগ্রিম উত্তোলন ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা মাত্র।

চলমান পাতা-৬

CamScanner

(১৭) আনসারদের আবাসভবন/ব্যারাকে পানির লাইন স্থাপন ব্যয় বিল পরিশোধ ২০,২৯৫/= (বিশ হাজার দুইশত পঁচানব্বই) টাকা মাত্র।

(১৮) উপজেলা পরিষদ কার্যালয়ে ইতোপূর্বে স্থাপিত সিসিটিভি ক্যামেরা মেরামত/প্রতিস্থাপন ব্যয় বিল পরিশোধ ১৬,৮৬০/= (ষোল হাজার আটশত ষাট) টাকা মাত্র।

(১৯ উপজেলা পরিষদ চতুর্থ শ্রেণির কর্মচারী কোয়ার্টার মেরামত কাজের বিল পরিশোধ ১৫,৯০০/= (পনের হাজার নয়শত) টাকা মাত্র।

(২০) উপজেলা পরিষদের জন্য কম্পিউটার সামগ্রি ক্রয় বিল পরিশোধ ৩,৫৭৫/= ( তিন হাজার পাঁচশত পঁচাত্তর) টাকা মাত্র।

(২১) উপজেলা পরিষদ চেয়ারম্যান কার্যালয়ের আপ্যায়ন কক্ষ, উপজেলা তথ্যসেবা কর্মকর্তার কার্যালয় ও অফিসার্স ক্লাবের নিকট পানির লাইন মেরামত বিল পরিশোধ ১৩,৬১০/- ( তের হাজার ছয়শত দশ) টাকা মাত্র।

সিদ্ধান্ত ঃ উপরে বর্ণিত ক্রমিক নং ৬ (১) হতে ৬ (২১) পর্যন্ত ব্যয়গুলি বিধিসম্মত হওয়ায় উক্ত ব্যয়গুলি সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।

৭। <u>বিবিধ</u>

সভাপতি জানান পুংগলী ইউনিয়নে পাছপুংগলী বাজারে গত ১৫.৮.২০২২ তারিখে বৈদ্যুতিক শট-সার্কিট থেকে সৃষ্ট আকস্মিক অগ্নিকান্ডে ব্যাপক ক্ষয়-ক্ষতি সাধিত হয়েছে। এ অগ্নিকান্ডে জনাব মোঃ আলহাজ্ব মোল্লা, পিতা-মৃত হাছেন মোল্লা, গ্রাম- পাছপুংগলী, পোস্ট-পাছপুংগলী, উপজেলা- ফরিদপুর, জেলা-পাবনা'র বসতঘরসহ একটি কসমেটিক্স এর দোকান ঘর মালামালসহ সম্পূর্নরূপে ভষ্মিভূত হয় এবং জনাব মোঃ সাইফুল ইসলাম, পিতা- মৃত ফজলুর রহমান, গ্রাম- পাছপুংগলী, ডাকঘর- পাছপুংগলী, উপজেলা-ফরিদপুর, জেলা-পাবনা'র একটি ঔষধের দোকান ক্ষতিগ্রস্থ হয়। দোকান মালিকদ্বয় শেষ সম্বল হারিয়ে একদম নিঃস্ব হয়ে পড়েছে। তারা আর্থিক সাহায্যের জন্য আমার বরাবর এবং উপজেলা নির্বাহী অফিসার বরাবর আবেদন করেছেন। সভাপতি মহোদয় জানান তিনি নিজেও পরিদর্শনে গিয়েছিলেন। সবচেয়ে বেশী ক্ষতিগ্রস্থ হয়েছেন জনাব মোঃ আলহাজ্ব মোল্লা। সে জমি বিক্রি করে বাড়ি সংলগ্ন দোকান ঘর তৈরী করেছিলেন। তার বসতঘর ও দোকানঘর মালামালসহ ভষ্মিভূত হয়েছে।

সভাপতি মহোদয় আরও জানান হাদল ইউনিয়নের জনাব মোঃ রমজান আলী, পিতা- মৃত জয়নাল আলী মিঝি, গ্রাম-মঙ্গলগ্রাম, ডাকঘর-বাদাল, উপজেলা- ফরিদপুর, জেলা-পাবনা'র বাড়িতে গত ২২.৮.২০২২ খ্রিঃ তারিখ দিবাগত রাত ১২-৩০ ঘটিকার সময় বৈদ্যুতিক শট-সার্কিট থেকে সৃষ্ট আকস্মিক অগ্নিকান্ডে গবাদিপশুসহ বসতবাড়ি ক্ষতিগ্রস্থ হয়। উক্ত ক্ষতিগ্রস্থ তিনজন ব্যক্তিকে আর্থিক সাহায্য করা প্রয়োজন।

এ বিষয়ে চেয়ারম্যান, বিএলবাড়ী ইউনিয়ন পরিষদ,ফরিদপুর, পাবনা জানান তার ইউনিয়নে স্বামী পরিত্যাক্তা মোছাঃ নাজমা খাতুন, পিতা- মোঃ আব্দুর রহিম, গ্রাম-পুরন্দরপুর, পোস্ট-আরকান্দি, ফরিদপুর, পাবনা সরকারি অর্থায়নে একখানি ঘর বরাদ্দ পেয়েছিলেন। সে ঘরটি অগ্নিকান্ডে সম্পূর্ণরূপে ক্ষতিগ্রস্থ হয়েছে। তাকেও আর্থিক সাহায্যের জন্য আবেদন জানান।

সিদ্ধান্ত ঃ বিষয়টি নিয়ে সভায় পক্ষে-বিপক্ষে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল গঠন ও ব্যবহার নির্দেশিকা,২০২০ এর ৩ এর (ঘ) উপ-অনুচ্ছেদ মোতাবেক জনাব মোঃ আলহাজ্ব মোল্লা, পিতা-মৃত হাছেন মোল্লা, গ্রাম- পাছপুংগলী, পোস্ট-পাছপুংগলী, উপজেলা- ফরিদপুর, জেলা-পাবনাকে ৪০,০০০/- (চল্লিশ হাজার) টাকা ও অপর তিন জন ব্যক্তিকে ২০,০০০/- (বিশ হাজার) টাকা হারে উপজেলা রাজস্ব তহবিল হতে প্রদানের সিদ্ধান্ত হয়।

অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভা সমাপ্ত ঘোষণা করেন।

25-8-22

(মোঃ গোলাম হোসেন)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ফরিদপুর,পাবনা।

CS CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ কার্যালয়
ফরিদপুর,পাবনা।

স্মারক নং-০৫.৪১.৭৬৩৩.০০০.০৬.০০১.২০২২-৭১৯(৫০) তারিখঃ ২৫.৮.২০২২ খ্রি।

অনুলিপিঃ সদয় অবগতার্থে-

০১। মন্ত্রিপরিষদ সচিব,মন্ত্রিপরিষদ বিভাগ,বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
০২। মাননীয় সংসদ সদস্য,৭০ পাবনা -৩।
০৩। সিনিয়র সচিব,জনপ্রশাসন মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
০৪। সচিব,স্থানীয় সরকার বিভাগ,স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
০৫। বিভাগীয় কমিশনার,রাজশাহী বিভাগ,রাজশাহী।
০৬। জেলা প্রশাসক,পাবনা।

অনুলিপিঃ অবগতার্থে ও কার্যার্থে-

০৭। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান,উপজেলা পরিষদ,ফরিদপুর,পাবনা।
০৮। মেয়র,ফরিদপুর পৌরসভা,পাবনা।
০৯। চেয়ারম্যান,..................................ইউপি (সকল),ফরিদপুর,পাবনা।
১০। কমান্ডার, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, ফরিদপুর উপজেলা কমান্ড, পাবনা।
১১। উপজেলা..........................................কর্মকর্তা,ফরিদপুর,পাবনা।

25/08/2022

(মোসাঃ জেসমিন আরা)
উপজেলা নির্বাহী অফিসার
ফরিদপুর,পাবনা।
মোবাইল নং- ০১৭৬২-৬২১০০৩

পরিশিষ্ট "ক"

উপস্থিত বিভাগীয় প্রধানগণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

০১ উপজেলা নির্বাহী অফিসার, ফরিদপুর,পাবনা।
০২ উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ফরিদপুর, পাবনা।
০৩ উপজেলা কৃষি কর্মকর্তা, ফরিদপুর, পাবনা।
০৪ উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, ফরিদপুর, পাবনা।
০৫ সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, ফরিদপুর, পাবনা।
০৬ উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা,ফরিদপুর,পাবনা।
০৭ উপজেলা প্রকৌশলী, ফরিদপুর, পাবনা।
০৮ উপজেলা শিক্ষা অফিসার, ফরিদপুর, পাবনা।
০৯ উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ফরিদপুর, পাবনা।
১০ উপজেলা সমাজ সেবা কর্মকর্তা, ফরিদপুর, পাবনা।
১১ উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, ফরিদপুর,পাবনা।
১২ সহকারি জেনারেল ম্যানেজার, পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-১, ফরিদপুর, পাবনা।
১৩ উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, ফরিদপুর, পাবনা
১৪ উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ফরিদপুর, পাবনা।
১৫ উপজেলা সমবায় কর্মকর্তা, ফরিদপুর, পাবনা।
১৬ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ফরিদপুর, পাবনা।
১৭ উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ফরিদপুর, পাবনা।
১৮ ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, ফরিদপুর, পাবনা।
১৯ উপসহকারি প্রকৌশলী (জনস্বাস্থ্য), ফরিদপুর,পাবনা।
২০ উপজেলা প্রকল্প কর্মকর্তা (পঞ্জীপ), ফরিদপুর, পাবনা।
২১ সিনিয়র উপসহকারি প্রকৌশলী (ক্ষুদ্র সেচ), ফরিদপুর, পাবনা।
২২ সহকারি প্রোগ্রামার (আইসিটি), ফরিদপুর, পাবনা।
২৩ উপজেলা সমন্বয়কারি, একটি বাড়ী একটি খামার প্রকল্প ও পল্লী সঞ্চয় ব্যাংক।
২৪ উপজেলা তথ্যসেবা কর্মকর্তা, ফরিদপুর, পাবনা।
২৫ উপসহকারি প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, পাবনা।
২৬ উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর (ইউডিএফ)
২৭ ফরেস্টার, বন বিভাগ, ফরিদপুর, পাবনা।

অনুপস্থিত বিভাগীয় প্রধানগণঃ

০১ উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, ফরিদপুর, পাবনা।
০২ উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, ফরিদপুর, পাবনা।
০৩ উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, ফরিদপুর, পাবনা।
০৪ উপজেলা নির্বাচন অফিসার, ফরিদপুর, পাবনা।

CamScanner